



# সেন্ট ফ্রান্সিস জেভিয়ার্স গার্লস স্কুল এন্ড কলেজ

তর্তির বিজ্ঞপ্তি = ১ম শ্রেণি/২০২৫  
শুধুমাত্র বাহিরের ছাত্রীদের জন্য প্রযোজ্য

২৫শে আগস্ট ১৪৩১ বঙ্গাব্দ  
১০ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

সেন্ট ফ্রান্সিস জেভিয়ার্স গার্লস স্কুল এন্ড কলেজে লটারির মাধ্যমে সীমিত সংখ্যক ছাত্রী ভর্তি নেওয়া হবে ১ম শ্রেণিতে। ভর্তির সকল কার্যক্রম ভর্তি কমিটি পরিচালনা করবেন। তাঁদের সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

## ১. ভর্তির যোগ্যতা:

- ১লা জানুয়ারি, ২০২৫ তারিখে ছাত্রীর বয়স ৬ বছর হতে ৬ বছর ৬ মাসের মধ্যে থাকতে হবে।
- ছাত্রীর নাম, জন্ম তারিখ, পিতা ও মাতার নাম জন্ম সনদ অনুযায়ী হতে হবে এবং পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সাথে ছাত্রীর জন্ম নিবন্ধনের মিল থাকতে হবে। পরবর্তীতে কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।

## ২. প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি:

- ভর্তির জন্য পিতা-মাতা ও শিক্ষার্থীর সাক্ষাত্কার গ্রহণ ও বাছাইকরণ।
- নিজস্ব ব্যবস্থাপনায় সরাসরি লটারির আয়োজনের মাধ্যমে প্রার্থী নির্বাচন।
- এ বিজ্ঞপ্তির নির্দেশনা শুধু বাহিরের ছাত্রীদের জন্য।

## ৩. অনলাইনে ভর্তির আবেদন:

- ১ম শ্রেণিতে ভর্তির জন্য প্রথমে অনলাইনের মাধ্যমে ভর্তির আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণের জন্য ওয়েবসাইটের ঠিকানা: <https://sfxgsc.edu.bd/>
- শিক্ষার্থী শুধুমাত্র অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ৩৫০(তিনি শত পঞ্চাশ) টাকা আবেদন ফি বিকাশ পেমেন্ট সাপেক্ষে ১জন একটি মাত্র আবেদন করতে পারবে।

## ৪. অনলাইন আবেদন ফরমের মূল্য:

- ফরমের মূল্য ৩৫০/= (তিনি শত পঞ্চাশ) টাকা। একজন প্রার্থী একাধিক ফরম পূরণ করতে পারবে না।
- বিকাশ পেমেন্ট এর মাধ্যমে ফরমের মূল্য পরিশোধ করতে হবে।
- ফরম পূরণ করার পর বিকাশ পেমেন্ট এর এডুকেশন ফি অপশনে গিয়ে পেমেন্ট করতে হবে।
- পেমেন্ট প্রক্রিয়া ওয়েবসাইটে বিস্তারিত দেয়া আছে এবং ভিডিও দেয়া আছে।

## ৫. অনলাইনে ভর্তির আবেদন ফরম পূরণ প্রক্রিয়া:

- <https://sfxgsc.edu.bd/> এই ওয়েবসাইটে প্রবেশ করে Admission\*\* বাটনে ক্লিক করে আবেদন ফরমের পেইজে যেতে হবে। তারপর ভর্তির আবেদন ফরম পূরণের বিস্তারিত প্রক্রিয়া বা পদ্ধতি পড়ে নিচের দিকে Click Link\*\* বাটনে ক্লিক করে ফরম পূরণ করতে হবে। ফরম পূরণ সম্পন্ন হলে বিকাশে পেমেন্ট করতে হবে। পেমেন্ট সম্পন্ন হলেই ফরম সাবমিট করা যাবে। ফরম সাবমিট হলে প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।
- যে কোনো প্রয়োজনে ফোন: ০২৪৭১১৪০৯৯, ০১৬২৯৪৩২৩৫৩
- ফরম পূরণে সমস্যা/ওয়েবসাইটে সমস্যা হলে মোবাইল: ০১৮৪৭১৯৮৯৫৭

## ৬. সাক্ষাত্কার:

- সাক্ষাত্কারের সময় অনলাইনে পূরণকৃত ফরম প্রিন্ট করে আনতে হবে।
- ভর্তির আবেদন ফরমের সাথে ছাত্রীর জন্ম নিবন্ধন সনদ, পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের সনদের ফটোকপি আনতে হবে।
- সাক্ষাত্কারের সময় শিক্ষার্থী ও পিতা-মাতাকে উপস্থিত থাকতে হবে।


## ৭. ফরম পূরণের তারিখ ও সময়:

ক্র.নং	বিষয়	তারিখ
৭.১	ভর্তির আবেদন ফরম পূরণ	০৫/১১/২০২৪ (মঙ্গলবার) থেকে ২১/১১/২০২৪ (বৃহস্পতিবার)
৭.২	আবেদন ফরম জমা ও সাক্ষাত্কার গ্রহণ (ছাত্রী ও পিতা-মাতাকে উপস্থিত থাকতে হবে)	২২/১১/২০২৪ (শুক্রবার) ও ২৩/১১/২০২৪ (শনিবার) সকাল ৮:০০ থেকে বিকাল ৮:০০টা
৭.৩	সরাসরি লটারির আয়োজন (বিদ্যালয় প্রাঙ্গণ)	
৭.৪	লটারির ফলাফল প্রকাশ (ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে)	
৭.৫	অনলাইনে ভর্তি ফরম পূরণ	পরবর্তী নোটিশের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।
৭.৬	ভর্তি ফরম জমা ও ভর্তির টাকা গ্রহণ	
৭.৭	বই বিতরণ	
৭.৮	ক্লাস শুরু	

## গুরুত্বপূর্ণ ও লক্ষণীয় বিষয় সমূহ :-

- ভর্তি লটারির আবেদন ফরমটি অনলাইন যথাযথভাবে পূরণ করতে হবে।
- নির্ধারিত তারিখ, সময়ে ছাত্রী ও পিতামাতা নিজে ফরম জমা দিবেন। ফরম জমা দেওয়ার সময় ইন্টারভিউ নেয়া হবে।
- ১ম, ২য় ও ৩য় শ্রেণী পড়া ছাত্রীদের ফরম কোন কারণ দর্শনো ছাড়াই বাতিল করা হবে। (খুব ছোট ও খুব বড় ছাত্রীদের ফরম সাক্ষাত এর সময় বাতিল করা হবে।)
- ভর্তি সংক্রান্ত ব্যাপারে কোন প্রকার সুপারিশ/ব্যক্তিগত সাক্ষাত ছাত্রীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- অত্র প্রতিষ্ঠানে ডোনেশনের মাধ্যমে কোন ছাত্রী ভর্তি করার নিয়ম নাই।
- লটারীর মাধ্যমে নির্বাচিত ছাত্রীদের ফলাফল ঘোষণার তারিখ ও সময়, নোটিশের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।
- নির্ধারিত সময় ও তারিখ-এ ফরম জমা না দিলে তা বাতিল হয়ে যাবে। পরবর্তিতে তা কোন ভাবেই জমা নেওয়া হবে না।
  - ২য়-৯ম শ্রেণী পর্যন্ত কোন ক্লাশে ছাত্রী ভর্তি নেওয়া হলে পরে জানানো হবে।

ধন্যবাদান্তে-

  
নিলু মু, ১০.১০.২০২৪

সিস্টার নীলু মু, আর.এন.ডি.এম.

Principal

St. Francis Xavier's Girls' School & College  
85 Luxembazar, Dhaka-1100

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

- উপাধ্যক্ষ অফিস
- শিক্ষক রূম
- প্রভাষক রূম
- অফিস রূম
- সকল কর্মচারী রূম
- অফিস কপি